

সেনাসদর, ই ইন সি'র শাখা
পূর্ত পরিদপ্তর, ঢাকা সেনানিবাস

ঢাকা-১২০৬
নিয়োগ বিজ্ঞপ্তি

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস)-এ নিম্নবর্ণিত শূন্য পদসমূহে নিয়োগের জন্য বাংলাদেশের যোগ্য নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১।	সহকারী প্রকৌশলী বি/আর Assistant Engineer (B/R) জাতীয় বেতন স্কেল, ২০১৫ ২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড)	১৫ (পনের) টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পুরকৌশল বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি অথবা পুরকৌশল বিষয়ে এসোসিয়েট মেশারশিপ অব দি ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স (এএমআইই) এর পাঠ 'এ' ও 'বি' পরীক্ষায় উত্তীর্ণ এবং (খ) ইঞ্জিনিয়ার ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি) এর নিবন্ধিত সদস্য হতে হবে।
২।	সহকারী প্রকৌশলী ই/এম Assistant Engineer (E/M) জাতীয় বেতন স্কেল, ২০১৫ ২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড)	০৪ (চার) টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স বা মেকানিক্যাল বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি অথবা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স বা মেকানিক্যাল বিষয়ে এসোসিয়েট মেশারশিপ অব দি ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স (এএমআইই) এর পাঠ 'এ' ও 'বি' পরীক্ষায় উত্তীর্ণ এবং (খ) ইঞ্জিনিয়ার ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি) এর নিবন্ধিত সদস্য হতে হবে।

আবেদনপত্র পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অত্যাবশ্যিকীয়ভাবে অনুসরণীয়ঃ

- ১। ১৭ মে ২০২২ তারিখে আবেদনকারীর বয়স সর্বোচ্চ ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর সর্বোচ্চ বয়স ৩২ বছর গ্রহণযোগ্য হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেবিট গ্রহণযোগ্য হবে না।
- ২। সরকারি চাকরিতে কর্মরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় বিভাগীয় প্রার্থী (Departmental Candidate) এর ঘরে টিক (✓) চিহ্ন দিতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূলকপি জমা দিতে হবে।
- ৩। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি বিধান অনুসরণ করা হবে।
- ৪। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৫। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবেন।
- ৬। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- ৭। আগ্রহী প্রার্থীগণকে online-এ আবেদন করতে হবে। সে লক্ষ্যে <http://mes.teletalk.com.bd> ওয়েব সাইটে লগ-ইন করলে একটি লিংক পাওয়া যাবে। ঐ লিংকে প্রবেশ করে সংশ্লিষ্ট নির্দেশনা অনুসারে online-এ আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদন ও ফি জমাদানের সময়সীমা নিম্নরূপঃ
 - (ক) online -এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখঃ ২৭ এপ্রিল ২০২২;
 - (খ) online -এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখঃ ১৭ মে ২০২২;
 - (গ) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র Submit -এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।
- ৮। পরীক্ষার ফি বাবদ সকল পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদ্ধতিতে জমা করতে হবে। বিশেষভাবে উল্লেখ্য, "online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"
- ৯। আবেদনপত্র পূরণের পদ্ধতি, শর্তাবলী ও অন্যান্য তথ্যাদি www.mod.gov.bd এবং mes.portal.gov.bd ও www.mes.org.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।
- ১০। উল্লেখ্য যে, ০৬ জুন ২০১৮ তারিখে সেনাসদর, ই ইন সি'র শাখা, পূর্ত পরিদপ্তর কর্তৃক 'দৈনিক ইত্তেফাক' এবং 'দৈনিক যুগান্তর' পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী যে সকল প্রার্থী সহকারী প্রকৌশলী বি/আর এবং সহকারী প্রকৌশলী ই/এম পদে আবেদন করেছেন তারা সরাসরি বর্ণিত নিয়োগ বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত হবেন। এক্ষেত্রে নতুনভাবে আবেদন করার প্রয়োজন নাই। তবে মৌখিক পরীক্ষার সময় আইইবি এর নিবন্ধিত সদস্য হওয়ার পক্ষে প্রমাণক দাখিল করতে হবে।